



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/মাধ্য/২(২)/৫২৯

তারিখ : ০৬-৯-২০১২

বিষয় : On-Line -এ শিক্ষকগণের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের জে.এস.সি./এস.এস.সি./এইচ.এস.সি. পরীক্ষা ও শিক্ষা সংক্রান্ত কাজের জন্য **On-Line Teachers Profile (OTP)** করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে লক্ষ্যে প্রতিষ্ঠানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকগণের তথ্যাবলী **On-Line** -এ ডাটা ইনপুট করার জন্য বোর্ডের www.jessoreboard.gov.bd ওয়েব সাইটে তথ্য ছক ওপেন করা হয়েছে।

প্রথম পর্যায় : প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকের ডাটা ইনপুট :

আগামী ০৯ সেপ্টেম্বর ২০১২ হতে ২০ সেপ্টেম্বর ২০১২ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকগণের তথ্য পূরণ করার জন্য অনুরোধ করা হ'ল। পরীক্ষকগণের সম্ভাব্য তালিকা পরীক্ষা শুরুর পূর্বে পুনরায় ওয়েব সাইটে দেয়া হবে। সম্ভাব্য তালিকায় উল্লিখিত পরীক্ষকগণকে অবশ্যই উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রস্তুত থাকতে হবে।

দ্বিতীয় পর্যায় : উত্তরপত্র মূল্যায়নের জন্য পরীক্ষকগণের নিয়োগপত্র :

সংশ্লিষ্ট পরীক্ষা অনুষ্ঠানের পর দিন চূড়ান্ত পরীক্ষক তালিকা ও নিয়োগপত্র ওয়েব সাইটে দেয়া হবে। প্রতিষ্ঠান প্রধানগণ ওয়েব সাইট হতে সংশ্লিষ্ট শিক্ষকের পরীক্ষক নিয়োগপত্র ডাউন লোড করে নিয়োগপত্রের ২য় অংশে প্রত্যয়নপত্র ও স্বাক্ষর সত্যায়ন পূর্ক সংশ্লিষ্ট শিক্ষককে উত্তরপত্র গ্রহণের জন্য বোর্ডে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এখন হতে নিয়োগপত্রের কোন হার্ড কপি প্রেরণ করা হবে না এবং চিঠিপত্রসহ যে কোন যোগাযোগ ওয়েব সাইটের মাধ্যমে জানা যাবে। সেকারণে প্রতিষ্ঠান প্রধানগণকে প্রতিদিনই বোর্ডের এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েব সাইট ব্রাউজ করতে হবে।

উল্লেখ্য যে, **On-Line**-এ শিক্ষকগণের তথ্য পূরণ সংক্রান্ত নিয়মাবলী যশোর বোর্ডের ওয়েব সাইট www.jessoreboard.gov.bd-এ পাওয়া যাবে।

HELP LINE : ০১৭১১-৯৮৮১১২, ০১৭২৬-৯০২৫৫৩, ০১৭২৪-৩৯৯৩৫৩,
০১৭১৮-৮৫৩১১০, ০১৭১৫-০৮৪৫৮৪, ০১৯২৫-১৮৬৪৬৮।

৬-৯-১২

(প্রফেসর মুহম্মদ আবু দাউদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬ (অফিস)

মোবাইল : ০১৯১১-২১৩৫২৫

www.jessoreboard.gov.bd

কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা।
- ২। জেলা শিক্ষা অফিসার
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল।